

# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 08 April, 2025

তিস্তা নদীর পানি ব্যবস্থাপনা ও উন্নয়ন প্রকল্পে বাংলাদেশ কোনো পক্ষের সঙ্গে একচেটিয়া অবস্থান নিচ্ছে না বলে জানিয়েছেন পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেন। তিনি বলেছেন, “তিস্তা ইস্যুতে আমরা খোলামেলা অবস্থানে আছি। ভারতের সঙ্গেও সহযোগিতা সম্ভব, চীনের সঙ্গেও সম্ভব। কোনোটাতে কোনো বাধা নেই।” মঙ্গলবার (৮ এপ্রিল) দুপুরে পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ মন্তব্য করেন।

চীন-ভারতের সঙ্গে আলোচনা চলছে সমান্তরালে সাম্প্রতিক সময়ে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস চীন সফরে গিয়ে তিস্তা বহুমুখী প্রকল্পে চীনা কোম্পানিগুলোর অংশগ্রহণকে স্বাগত জানিয়েছেন। অন্যদিকে, তাঁর ব্যাংকক সফরে বিমস্টেক সম্মেলনের ফাঁকে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে বৈঠকে তিস্তার পানি বন্টন ইস্যু নিয়েও আলোচনা হয়েছে। এই প্রেক্ষাপটে দুই দেশের সঙ্গে আলোচনা ও সম্ভাব্য অগ্রগতির বিষয়ে জানতে চাইলে পররাষ্ট্র উপদেষ্টা বলেন,

“অগ্রগতি সময়সাপেক্ষ বিষয়। আমরা কোনো কিছু হঠাৎ করে সমাধান হওয়ার প্রত্যাশা করছি না। যেমন, কাল কেউ এসে তিস্তার সমস্যার সমাধান করে দেবে—এমনটা ভাবা অবাস্তব।” নদী পানি নিয়ে রয়েছে ‘আমব্রেলা এমওইউ’ তিনি আরও বলেন, “আমাদের একটা ‘আমব্রেলা এমওইউ’ আছে নদীর পানি ব্যবস্থাপনা নিয়ে। সে অনুযায়ী আমরা কাজ করছি এবং উভয় পক্ষের সঙ্গেই আলোচনা চালিয়ে যাচ্ছি।”

পররাষ্ট্র উপদেষ্টা প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস তিস্তা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 08:21

URL: <https://www.timestodaybd.com/national/498689322>